



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪১.১৪-৩৯৮৭

তারিখঃ ২৪/১০/২০১৬ খ্রিঃ।

জনাব এম, এ, বারী
হিসাব সহকারী
বিআরডিবি, সদর উপজেলা, নড়াইল।


বিষয়ঃ কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির কারণে ব্যাখ্যা তলব।

সূত্রঃ ৪৭.৬২.৬৫.৭৬.১০৬.১৬.০২৭.১৩-১৮, তারিখ-১৭/১০/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত "দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)" এর নড়াইল জেলার সদর উপজেলায় আপনি হিসাব সহকারী হিসেবে কর্মরত আছেন। সূত্রস্থ পত্র মূলে জানা যায় বিগত ০৯/১০/২০১৬ খ্রিঃ হতে আপনি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন, যা চাকুরী বিধি ও শৃংখলা পরিপন্থী।

০২। এমতাবস্থায়, আপনার কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির সন্তোষজনক জবাব আগামী ৭(সাত) কার্যদিবসের মধ্যে প্রকল্প পরিচালক বরাবরে দাখিলের নির্দেশ প্রদান করা হলো। অন্যথায়, আপনাকে প্রকল্পের চুক্তিভিত্তিক চাকুরী হতে চূড়ান্তভাবে বরখাস্ত করা হবে।

০৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।


আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা
ফোন নং-৮১৮০১৪৩-১০৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), সদর, নড়াইল।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. উপ প্রকল্প পরিচালক(অর্থ, হিসাব ও উন্নয়ন), বিআরডিবি, ঢাকা।
৪. উপ পরিচালক, বিআরডিবি, নড়াইল।
৫. প্রকল্প পরিচালক(ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস/ ব্যক্তিগত নথি।